

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

## নোটিশ

স্মারক নং-২৬/২০২৬ এসসি(এডি)

তারিখঃ ০৬/০৭/২০২৬ খ্রি।

বিষয়ঃ- বিষয়টি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের তালিকাভুক্ত বিজ্ঞ এডভোকেট-অন-রেকর্ডগণের নমুনা স্বাক্ষর এবং তাঁদের তালিকাভুক্ত ক্লার্কদের বৈধ পরিচয়পত্রের সত্যায়িত কপি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে রেজিস্ট্রি কর্তৃক এফিডেভিট সম্পন্ন করার সময় রেকর্ড যাচাই-বাছাইকালে বিজ্ঞ এডভোকেট-অন-রেকর্ডগণের স্বাক্ষরের ক্ষেত্রে বিভিন্ন অসঙ্গতি পরিলক্ষিত হচ্ছে। ফলে, দাখিলকৃত কোর্ট ডকুমেন্টসে প্রদত্ত স্বাক্ষর প্রকৃতই এডভোকেট-অন-রেকর্ড এর কিনা তা যাচাই করা সম্ভব হচ্ছে না। এছাড়া, এডভোকেট-অন-রেকর্ডগণের বৈধ কার্ডধারী ক্লার্ক নন এমন ব্যক্তিবর্গ মামলা সংশ্লিষ্ট নানাবিধ বিষয় নিয়ে আপীল বিভাগের বিচার শাখায় অযথা ভীড় জমিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করছেন বিধায় আপীল বিভাগের ফাইলিং সেকশনের (বিচার শাখার) কাজে বিভিন্ন জটিলতা সৃষ্টি হচ্ছে।

আপীল বিভাগে আনীত (ফাইলকৃত) মামলাসমূহ কোর্টে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মামলার এডভোকেট-অন-রেকর্ড এবং তাঁদের বৈধ কার্ডধারী ক্লার্কদের সরাসরি সম্পৃক্ততা রয়েছে। মামলার পিটিশন, কেভিয়েট এবং বিভিন্ন আবেদনসমূহে এডভোকেট-অন-রেকর্ডগণের প্রকৃত স্বাক্ষর থাকা আবশ্যিক; এর পাশাপাশি রেকর্ডের নিরাপত্তার স্বার্থে এডভোকেট-অন-রেকর্ডগণের অনুমোদিত ক্লার্ক ব্যতীত অন্য কোন ব্যক্তির এরূপ নথিপত্রে কোনরূপ অধিগম্যতা নেই। এ কারণে, এডভোকেট-অন-রেকর্ডগণের প্রকৃত স্বাক্ষর এবং তাঁদের বৈধ কার্ডধারী ক্লার্কদের নামের তালিকা অত্র কোর্টের রেজিস্ট্রিতে সংরক্ষণ করা আবশ্যিক।

এমতাবস্থায়, আগামী ১৬ জুলাই, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে এতদসংযুক্ত ছক পূরণপূর্বক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের তালিকাভুক্ত এডভোকেট-অন-রেকর্ডগণের নমুনা স্বাক্ষর এবং তাদের স্ব স্ব তালিকাভুক্ত ক্লার্কদের নাম ও বৈধ পরিচয়পত্রের সত্যায়িত কপি আপীল বিভাগের বিজ্ঞ রেজিস্ট্রার এর কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৬-০৭-২০২৬

(মোহাম্মদ মেহেদী হাসান)

ডেপুটি রেজিস্ট্রার,

আপীল বিভাগ, ঢাকা।

ফোনঃ ০২-২২৩৩৮১৮৪৭

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। বিজ্ঞ এডভোকেট-অন-রেকর্ড (সকল)।

আপীল বিভাগের তালিকাভুক্ত বিজ্ঞ এডভোকেট-অন-রেকর্ড এবং তাদের সংশ্লিষ্ট রেজিস্টার্ড  
ক্লার্কদের প্রয়োজনীয় তথ্য সংক্রান্ত ছক

ক্রমিক	এডভোকেট-অন-রেকর্ড এর নাম ও এডভোকেট আইডি নম্বর	সংশ্লিষ্ট এডভোকেট-অন-রেকর্ড এর ৩টি নমুনা স্বাক্ষর	এডভোকেট-অন-রেকর্ড এর সংশ্লিষ্ট রেজিস্টার্ড ক্লার্ক এর নাম ও AOR কর্তৃক ক্লার্কের আইডি কার্ডের সত্যায়িত অনুলিপি	মন্তব্য
		নমুনা স্বাক্ষর-১ _____ নমুনা স্বাক্ষর-২ _____ নমুনা স্বাক্ষর-৩ _____		